গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
E-mail- dgdncbd@gmail.com, Website : www.dnc.gov.bd

আগ্রহব্যক্তকরণ অনুরোধসম্বলিত দরপত্র বিজ্ঞাপন (REQUEST FOR EXPRESSIONS OF INTEREST)

১	মন্ত্রণালয়/বিভাগ	স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সুরক্ষা সেবা বিভাগ।
২	প্রতিষ্ঠান	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর।
৩	ক্রয়কারী কর্তৃপক্ষের নাম	মহাপরিচালক
৪	ক্রয়কারী কর্তৃপক্ষের কোড	প্রযোজ্য নয়।
৫	ক্রয়কারী কর্তৃপক্ষের জেলা	ঢাকা।
৬	আগ্রহব্যক্তকরণ দরপত্রের বিষয়	বেসরকারি টিভি চ্যানেলে মাদকবিরোধী বিজ্ঞাপন ও লাইভ টকশো প্রচার।
৭	আগ্রহব্যক্তকরণ দরপত্রের স্মারক নং	নং-৫৮.০৪.০০০০.০০৭.০০.০২২.১৭-৩১
৮	তারিখ	০৮/০১/২০১৯
	গুরুত্বপূর্ণ তথ্যাবলী	
৯	ক্রয় পদ্ধতি	কিউসিবিএস।
	অর্থায়ন সংক্রান্ত তথ্যাবলী	
১০	বাজেট ও অর্থের উৎস	জিওবি (বাজেট কোড-৩২১১১২৫)
১১	প্রকল্প/উন্নয়ণ সহযোগী	প্রয়োজ্য নয়।
দরপত্রের সুনির্দিষ্ট তথ্যাবলী		
১২	আগ্রহব্যক্তকরণ দরপত্র বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ	০৯/০১/২০১৯
১৩	আগ্রহব্যক্তকরণ দরপত্র দাখিলের সর্বশেষ তারিখ ও সময়	২৩/০১/২০১৯, বিকাল ০৪.০০ ঘটিকা
১৪	আগ্রহব্যক্তকরণ দরপত্র খোলার তারিখ ও সময়	২৩/০১/২০১৯, বিকাল ০৪.০ ঘটিকা
১৫	দরপত্র গ্রহণ সংক্রান্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, নিরোধ শিক্ষা অধিশাখা, ৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
	দরদাতার জন্য তথ্যাবলী	
১৬	দরদাতার যোগ্যতা সংক্রান্ত তথ্যাবলীঃ দরদাতাকে এই সকল সনদ/সত্যায়িত ছায়ালিপি(যা প্রযোজ্য) দরপত্রের সাথে দাখিল করিতে হইবে। এই দলিলাদির কোন ঘাটতি দরদাতার অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।	আগ্রহী প্রতিষ্ঠান/সংস্থাকে তাহার আবেদনের সাথে নিম্নোক্ত কাগজপত্র ও দলিলাদি দাখিল করিতে হইবে ঃ ক) প্রতিষ্ঠান/সংস্থার ধরণ; খ) প্রতিষ্ঠান/সংস্থার সংক্ষিপ্ত পরিচিতি সম্বলিত ব্রসিয়ার; গ) ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত হালনাগাদ ট্রেড লাইসেন্স; ঘ) ২০১৮-২০১৯ অর্থ বছর পর্যন্ত আয়কর পরিশোধের সনদপত্র; ঙ) মূল্য সংযোজন কর (ভ্যাট) পরিশোধের সনদপত্র; চ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কাজ করার পূর্ব অভিজ্ঞতা (যদি থাকে); ছ) প্রতিষ্ঠান/সংস্থা প্রধানের নাম এবং জীবন বৃত্তান্ত।
ক্রয়কারী কর্তৃপক্ষের বিস্তারিত তথ্য		
১৭	ক্রয়কারী কর্তৃপক্ষের নাম	মোঃ জামাল উদ্দীন আহমেদ
১৮	ক্রয়কারী কর্তৃপক্ষের পদবী	মহাপরিচালক
১৯	ক্রয়কারী কর্তৃপক্ষের ঠিকানা	৪১, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
২০	ক্রয়কারী কর্তৃপক্ষের সাথে যোগাযোগের টেলিফোন নম্বর	ফোনঃ ০২-৪৮৩২২১৮৫।
২১	ক্রয়কারী কর্তৃপক্ষ এই দরপত্র বিজ্ঞপ্তি ভবিষ্যতে যে কোন সংশোধন বা কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার সর্বময় ক্ষমতা সংক্ষণ করেন।	

মুঃ নুরুজ্জামান শরীফ এনডিসি
(যুগ্ম সচিব)
পরিচালক (নিরোধ শিক্ষা)
ফোনঃ ০২-৪৮৩২২১৭০

বেসরকারি টিভি চ্যানেলে মাদকবিরোধী বিজ্ঞাপন ও লাইভ টকশো প্রচারের নিমিত্ত প্রতিষ্ঠান/সংস্থা নির্বাচনের কর্মপরিধি (Terms of Reference)

১. **পটভূমিঃ** মাদকাসক্তি আমাদের দেশের অন্যতম গুরুত্বপূর্ণ সমস্যা। এ সমস্যা থেকে মুক্তি লাভের জন্য মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর দেশে নোডাল এজেন্সী হিসেবে কাজ করছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের কার্যক্রম মূলতঃ তিনটি দৃষ্টিকোন থেকে পরিচালিত হয়ে থাকে, যথা ঃ- চাহিদা হ্রাস (Demand reduction), সরবরাহ হ্রাস (Supply reduction) এবং ক্ষতি হ্রাস (Harm reduction)। মাদকের চাহিদা হ্রাসের ক্ষেত্রে মাদকের ক্ষতিকর প্রতিক্রিয়া সম্পর্কে আলোচনা সভা, সেমিনার , কর্মশালা, মতবিনিময়, শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণিবক্তৃতা, ইত্যাদি আয়োজন এবং প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া ব্যবহার করে জনগণকে সচেতন করা হয়ে থাকে। মাদকের ক্ষতিকর প্রভাব সম্পর্কে আকর্ষণীয় বিজ্ঞাপন বা টিভিসি নির্মাণ করে তা সরকারি টিভি চ্যানেলের পাশাপাশি বিভিন্ন জনপ্রিয় বেসরকারি টিভি চ্যানেলে প্রচার করা হলে মাদকের চাহিদা হ্রাসে কার্যকর ভূমিকা রাখতে সক্ষম হবে। এ লক্ষ্যে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর থেকে ৮টি (৩০ সেকেন্ড ব্যপ্তির ১টি, ২০ সেকেন্ড ব্যপ্তির ৪টি ও ১৫ সেকেন্ড ব্যপ্তির ৩টি, মাদকবিরোধী বিজ্ঞাপন বা TVC তৈরি করা হয়েছে। এগুলো বেসরকারি টিভি চ্যানেলসমূহে প্রচার করার জন্য অধিদপ্তর নীতিগতভাবে সিদ্ধান্ত গ্রহণ করেছে। এছাড়া দেশের বিশেষজ্ঞ ব্যক্তিদের সমন্বয়ে মাদক সমস্যা ও মাদকাসক্তদের চিকিৎসার বিষয়ে বিভিন্ন বেসরকারি চ্যানেলে লাইভ টকশো আয়োজন করা হবে।

২. **উদ্দেশ্যঃ** মাদকবিরোধী বিজ্ঞাপন ও টকশো বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে প্রচারের মাধ্যমে বিপুল সংখ্যক দর্শকদের মধ্যে মাদকবিরোধী মনোভাব জাগ্রত ও সৃষ্টি করা।

৩. **কাজের ক্ষেত্রঃ**

ক. দেশের সবচেয়ে জনপ্রিয় কমপক্ষে ১০টি টিভি চ্যানেলে মাদকবিরোধী বিজ্ঞাপন ও টকশো প্রচার করা;

খ. পিক/প্রাইম সময়ে প্রচারিত সংবাদের আগে ও মাঝে এবং বিভিন্ন জনপ্রিয় অনুষ্ঠানের আগে ও মাঝে বিজ্ঞাপন প্রচার করা;

গ. কার্যাদেশে উল্লিখিত তারিখ অনুযায়ী বিজ্ঞাপন ও টকশো প্রচার করা;

ঘ. অফ পিক সময়ে বিজ্ঞাপন প্রচারের ক্ষেত্রে চ্যানেলভিত্তিক বোনাসের হার/সময় নির্ধারণ;

ঙ. টকশো এর বিষয়বস্তু, উপস্থাপক ও আলোচকবৃন্দের তালিকা অধিদপ্তরের পূর্ব অনুমোদন গ্রহণ।

৪. **প্রতিষ্ঠান/সংস্থা নির্বাচনের মানদন্ডঃ** নিম্নোক্ত নম্বর অনুযায়ী প্রতিষ্ঠান/সংস্থা নির্বাচনপূর্বক NoA বা চুক্তি স্বাক্ষর করা হবে।

ক. বিজ্ঞাপন/টকশো প্রচারের সময় ও মূল্য (একক ও মোট) ২৫+২৫=৫০

খ. প্রস্তাবের গুনাগুন ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে কাজ করার পূর্ব অভিজ্ঞতা-৩০

গ. বিনামূল্যে পুনঃ প্রচার/বোনাস সময়- ২০

৫. **শর্তানুযায়ী প্রদেয় বিষয়সমূহঃ**

ক. বিজ্ঞাপন প্রচারের পর মিডিয়া মনিটরিং এর কাজ করে এরূপ তৃতীয় পক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবেদন ও সিডি দাখিল করতে হবে।

খ. ত্রুটিপূর্ণ প্রচারের ক্ষেত্রে পুনরায় প্রচার করতে হবে।

গ. ৩(তিন) কপি বিল দাখিলের পর চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

ঘ. সরকারি প্রচলিত বিধি মোতাবেক ভ্যাট, ট্যাক্স ও অন্যান্য চার্জ কর্তনপূর্বক বিল পরিশোধ করা হবে।